তারিখ: 28 FEB 2015
পৃষ্ঠা: ৫ কলাম: ৪

সংবাদ

# রাবিতে ছাত্রলীগের দুই পক্ষে সংঘর্ষ : আটক এক

প্রতিনিধি, রাজশাহী বিশ্ববিদ্যালয়

তুচ্ছ ঘটনাকে কেন্দ্র করে রাজশাহী বিশ্ববিদ্যালয় (রাবি) সৈয়দ আমীর আলী হল শাখা ছাত্রলীগের দুই গ্রুপের মধ্যে সংঘর্ষের ঘটনা ঘটেছে। গত বৃহস্পতিবার এ ঘটনায় সমাজকর্ম বিভাগের চতুর্থ বর্ষের শিক্ষার্থী ও ছাত্রলীগ কর্মী সালাউদ্দীন রানা আহত হয়। অন্যদিকে মাসুদ নামের এক শিক্ষার্থীকে আটক করে পুলিশ। প্রত্যক্ষদর্শী সূত্রে জানা যায়, আগামী ২৭ তারিখে পাবনা সদর থানার পিকনিকের টাকা উত্তোলনের জন্য অর্থনীতি বিভাগের তৃতীয় বর্ষের শিক্ষার্থী মুকুল খান একই থানার শিক্ষার্থী মামুনের ২১২নং কক্ষের দরজা নক করে। ঐ সময়ে মামুন কক্ষে না থাকায় দরজায় নক করায় তার রুমমেট ছাত্রলীগ কর্মী সালাউদ্দীন রানা বিরক্ত হয়। পরে রানা কিছু ছাত্রলীগ নেতাকর্মী নিয়ে মুকুলের একই হলের (১১৪) কক্ষে যায়। এ সময় কথা কাটাকাটির এক পর্যায়ে রানা মুকুলকে মারধর করে। বিষয়টি হল শাখা ছাত্রলীগ সাধারণ সম্পাদক সৈকত হোসাইনকে জানানো হয়। পরে তিনি ছাত্রলীগের কিছু কর্মীকে নিয়ে হলের সভাপতি সজলের কাছে মীমংসার জন্য যান। হলের ভিতরে মীমংসা চলাকালীন বাইরে অবস্থানরত কর্মীরা মারপিট করতে থাকে। এ সময় আহত হন ছাত্রলীগ কর্মী রানা। পরে তাকে বিশ্ববিদ্যালয় মেডিকেলে প্রাথমিক চিকিৎসা দেওয়া হয়। এ ঘটনায় প্রেক্ষিতে ছাত্রলীগ কর্মী মাসুদকে পুলিশ আটক করে।

হলের সেক্রেটারি সৈকত হোসাইন বলেন, কোন কারণ ছাড়াই আমার কর্মী মুকলের রুমে এসে সভাপতি গ্রুপের ছেলেরা মারধর করে। পরে মীমাংসার জন্য গেলে বাইরে মারামারি বাধে। রাবি শাখা ছাত্রলীগের সভাপতি (ভারপ্রাপ্ত) রাশেদুল ইসলাম রাঞ্জু বলেন, থানা সমিতির টাকা উত্তোলন নিয়ে একটু ভুল বুঝাবুঝি হয়েছিল। সকাল ১০টায় সবাইকে নিয়ে বসে বিষয়টি মীমাংসা করা হয়েছে। এখন পরিস্থিতি শান্ত রয়েছে।